

এ এইচ এম জাকারিয়া  
ব্যবস্থাপনা পরিচালক (সি.সি)



এ এইচ এম জাকারিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রশাসনিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে ২০০৮ সালে ব্যবস্থাপক (প্রশাসন) হিসেবে এবং ১ জুলাই ২০১৮ তারিখের সহকারী মহাব্যবস্থাপক পদে পদোন্নতি পান। তিনি ০১ জানুয়ারী ২০১২ তারিখ থেকে সহকারী কোম্পানি সচিব এবং কোম্পানির পরিচালনা পর্ষদের ২৩৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২৮ অক্টোবর ২০২০ তারিখ থেকে কোম্পানি সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২১ অক্টোবর ২০২২ তারিখে মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ১৩ ডিসেম্বর ২০২২ তারিখে তিনি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ মকবুল হোসেন  
ব্যবস্থাপক (বাণিজ্যিক ও বিক্রয়) ও  
সহকারী কোম্পানি সচিব



মোঃ মকবুল হোসেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯২ সালে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০০০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে সহকারী হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ব্যবস্থাপক (বাণিজ্যিক) হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ০৮ জানুয়ারী ২০১২ তারিখ থেকে ব্যবস্থাপক (বাণিজ্যিক ও বিক্রয়) হিসেবে দায়িত্ব পালন করছেন। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ১৩ ডিসেম্বর ২০২২ তারিখে তিনি কোম্পানির সহকারী কোম্পানি সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ মোস্তফা কামাল  
কারখানা ব্যবস্থাপক



মোঃ মোস্তফা কামাল, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৭ সালে বিএ পাস করেন। ১৯৯০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রবেশনারি অফিসার হিসেবে যোগদান করেন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত থেকে তিনি তার দায়িত্ব পালন করেছেন। পরবর্তীতে সহকারী কারখানা ব্যবস্থাপক (প্রশাসন) থেকে পদোন্নতি লাভ করে ০৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ থেকে সহকারী কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ রাশিদুল হাসান  
ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি)



মোঃ রাশিদুল হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি হক শাহ আলম মনসুর এন্ড কোং থেকে ২০১৮ সালে সিএ (সি.সি) কোর্স সম্পন্ন করেন। তিনি ২০১৭ সালে আয়কর পেশাজীবী হিসেবে জাতীয় রজস্ব বোর্ডে তালিকভুক্ত হয়েছেন। ২০১৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ১২মে ২০১৮ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। ২৮ অক্টোবর ২০২০ তারিখে ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) পদোন্নতি লাভ করেন। তিনি বর্তমানে চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান অর্থ কর্মকর্তার দায়িত্ব পালন করছেন।

পাভেল আহমেদ  
অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা



পাভেল আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৮ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০১০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ২৮শে অক্টোবর ২০২০ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ রেজাউল ইসলাম  
ইনচার্জ (শেয়ার ডিপার্টমেন্ট)



মোঃ রেজাউল ইসলাম, দারুল ইহসান বিশ্ববিদ্যালয় থেকে ২০০৩ সালে মানব সম্পদ ব্যবস্থাপনা (এইচআরএম) বিষয়ে স্নাতক ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে কম্পিউটার অপারেটর হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি অফিসার (শেয়ার বিভাগ) হিসেবে পদোন্নতি লাভ করেন এবং ০১ ডিসেম্বর ২০১৩ তারিখ থেকে ইনচার্জ (শেয়ার ডিপার্টমেন্ট) হিসেবে দায়িত্ব পালন করছেন। শেয়ার বিভাগে তাহার দীর্ঘ ১২ বৎসরের কর্ম অভিজ্ঞতা আছে।